

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ
টঙ্গী স্টেশন রোড শাখা, টঙ্গী, গাজীপুর।

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থস্বর্ণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)।

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, টঙ্গী স্টেশন রোড শাখা, টঙ্গী, গাজীপুর এর ঋণগ্রহীতা মেসার্স নাইম এন্টারপ্রাইজ, প্রোপাইটর- মোঃ ফারুক আহমদ, ব্যবসায়িক ঠিকানা- আনারকলি রোড, টঙ্গী, গাজীপুর, আবাসিক ঠিকানা- মোগরখাল, ডাকঘর- জাতীয় বিশ্ববিদ্যালয়, থানা- গাজীপুর সদর, জেলা- গাজীপুর, কর্তৃক গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনা রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনা আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করার বিগত ০৯-০৯-২০১৪ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ১,৯০,৯৪,৮০৭.৮৮ (এক কোটি নব্বই লক্ষ চুরানব্বই হাজার আটশত সাত টাকা আটশি পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি সমূহ ও তদুপরিস্থিত স্থাপনা নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

- ১। জেলা- গাজীপুর, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস- গাজীপুর সদর, গাজীপুর কালেক্টরীর তৌজিভুক্ত সাবেক ৭২ নং আর.এস. ৫২ নং মোগরখাল মৌজাস্থিত খতিয়ান নং- সি.এস. ৪৮, এস.এ. ৮৩, আর.এস. ২১৫, দাগ নং- সি.এস. ও এস.এ. ১২৭, আর.এস. ৬০৩, মোট জমির পরিমাণ ১৪.০২ শতাংশ এবং তদুপরিস্থিত সেমিপাকা ভবন যাহার চৌহদ্দী- উত্তরে- ইমামউদ্দিন, দক্ষিণে- মোঃ আতাউর রহমান, পূর্বে- মোঃ মোস্তাক হোসেন এবং পশ্চিমে- দেওয়ারিশ মিয়া।
- ২। জেলা- গাজীপুর, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস- শ্রীপুর, গাজীপুর কালেক্টরীর তৌজিভুক্ত জে.এল. ৭ নং কেওয়া মৌজাস্থিত খতিয়ান নং- সি.এস. ৬৯, ৬৮, এস.এ. ১৪৫১, আর.এস. ৪২৫, দাগ নং- সি.এস. ও এস.এ. ৫২৬, আর.এস. ৯১৭০, মোট জমির পরিমাণ ২২.৭৫ শতাংশ যাহার চৌহদ্দী- উত্তরে- মিঃ নাসির, দক্ষিণে- মিঃ নাসির, পূর্বে- রাস্তা এবং পশ্চিমে- মিঃ নাসির।
- ৩। জেলা- গাজীপুর, থানা- গাজীপুর সদর, সাব-রেজিস্ট্রি অফিস- টঙ্গী, গাজীপুর কালেক্টরীর তৌজিভুক্ত সাবেক ১৬০ নং হাল ১০১ নং খিলগাঁও মৌজাস্থিত খতিয়ান নং- সি.এস. ৫৩, এস.এ. ১০৯, আর.এস. ২১৮, দাগ নং- সি.এস. ও এস.এ. ৬৮৩, আর.এস. ৯৯২, মোট জমির পরিমাণ ৩৫ শতাংশ যাহার চৌহদ্দী- উত্তরে- রাস্তা, দক্ষিণে- আব্দুল হান্নান, পূর্বে- ন্যাশনাল ফ্যান লিঃ এবং পশ্চিমে- মইজ উদ্দিন।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ৩০.১০.২০১৪ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, টঙ্গী স্টেশন রোড শাখা, টঙ্গী, গাজীপুর এ রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতা উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, টঙ্গী স্টেশন রোড শাখা, টঙ্গী, গাজীপুর এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- (৩) অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতা তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, টঙ্গী স্টেশন রোড শাখা, টঙ্গী, গাজীপুর।